

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লৌহজং, মুন্সীগঞ্জ।
unolouhajani@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৩০.৫৯৪৪.০২৩.০২.০০৯.১৬-৪০৪

তারিখ : ০৪/৭/২০২৩ খ্রি:।

“বিজ্ঞপ্তি”

এতদ্বারা সর্বাঙ্গীণ সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস-২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে “আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার জাতীয় প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। তিনটি গ্রুপে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে “ক” গ্রুপ; প্রাথমিক ও সমপর্যায় (৫ম শ্রেণি পর্যন্ত), “খ” গ্রুপ; মাধ্যমিক ও সমপর্যায় (৬ষ্ঠ-১০ম শ্রেণি), “গ” গ্রুপ; উচ্চ মাধ্যমিক ও সমপর্যায় এবং তদুর্ধ্ব (একাদশ শ্রেণি-তদুর্ধ্ব)।

প্রতিযোগিতার নিয়মাবলী

ক) ভিডিওটি প্রস্তুত করে ই-মেইল/পেন ড্রাইভ/ গুগল লিংকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট আগামী ১৬ জুলাই ২০২৩

খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে, এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক থাকতে হবে।

খ) ভিডিও ধারণের ক্ষেত্রে যে কোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে।

গ) মোবাইলে ভিডিওটি ধারণ আড়াআড়ি ভাবে (১৬:৯ অনুপাত) করতে হবে।

ঘ) ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সুবিধাজনক হবে।

ঙ) ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ(নয়েজ) বাদ দিতে হবে।

চ) ভিডিও তে বক্তব্য স্পষ্ট হতে হবে।

ছ) কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে।

জ) ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১(এক) মিনিট হতে হবে।

ঝ) ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথ ভাবে ভিডিওটি উপস্থাপিত হয়।

এং) ভিডিও'র মধ্যে প্রতিযোগীর নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম, উপজেলার নাম এবং মোবাইল নম্বর দিতে হবে।

ট) ভিডিও নির্মাণ সংক্রান্ত যে কোন পরামর্শ বা সহযোগিতা পেতে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে। যোগাযোগ নম্বর ০১৯১১-৭২২১০০ (সহকারী প্রোগ্রামার) email: ninadbd@gmail.com


(মোঃ আব্দুল আউয়াল)

উপজেলা নির্বাহী অফিসার

লৌহজং, মুন্সীগঞ্জ।

মোবাইল : ০১৭৬২-৬৮৭২৫৯

E-mail: unolouhajong@mopa.gov.bd